169

দৈনিক সংবাদ

তারিখ ... 25 MAY 1997 ...
পৃষ্ঠা 9 কলাম ... 6 ...

# বাগেরহাটের রামপাল দাখিল পরীক্ষা কেন্দ্রে নানা দুর্নীতি ও অনিয়ম হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ২৪শে মে।– বাগেরহাট জেলার রামপাল কেন্দ্রে মাদ্রাসা শিক্ষার দাখিল পরীক্ষায় নানাবিধ দুর্নীতি ও অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, একশ্রেণীর মাদ্রাসা শিক্ষক বোর্ডের নিয়ম লংঘন করে অবৈধভাবে রামপাল কেন্দ্রে দাখিল পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ করাচ্ছেন।

মোটা অংকের অর্থের বিনিময়ে নিচের ক্লাসের ছেলে-মেয়েদের দাখিল পরীক্ষায় সুযোগ করে দেয়া হচ্ছে। গণহারে নকলের মাধ্যমে এদের পাস করিয়ে দেয়ার চুক্তিতে, অনেক ছেলেমেয়ে অবৈধভাবে অন্য স্কুল থেকে মাদ্রাসায় ভর্তি হচ্ছে। এবং দাখিল পরীক্ষায় অংশ নিচ্ছে।

মংলা থানার ইউনুছ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাদ্রাসা বোর্ড ও শিক্ষামন্ত্রীর কাছে লিখিত এক পৃথক অভিযোগপত্রে বলেছেন, মংলা থানার সুন্দরবন ইউনিয়নের ঢালীরখন্ড গ্রামের ইব্রাহিম ফকিরের মেয়ে '৯৬ সালে তাদের স্কুলে অষ্টম শ্রেণীতে পড়াশুনা করতো। কোন ছাড়পত্র ছাড়াই রামপালের ফয়লা মহিলা মাদ্রাসা থেকে এবার আগের নাম পারভীন ফকির পরিবর্তন করে মেহেরুন্নেসা নাম দিয়ে এবার রামপাল কেন্দ্র থেকে দাখিল পরীক্ষা দিয়েছে। সে নিয়মিত মেয়েদের জন্য নির্ধারিত উপবৃত্তি ভোগ করতো।

অন্য একটি অভিযোগ হলো ঃ ইউনুছ আলি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র রোকন উদ্দিন শেখ কোন ছাড়পত্র না নিয়েই এবার রামপাল কেন্দ্র থেকে দাখিল পরীক্ষা দিয়েছে। তবে কোন্ মাদ্রাসা থেকে সে পরীক্ষার্থী হয়েছে তা জানা যায়নি।

তার রোল নং ৭১৯৬৪ এবং রেজিঃ নম্বর ঃ ৭৫৮৩৫। বাগেরহাট জেলা শিক্ষা অফিসে এ ধরনের অনেক সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও তারা সংশ্লিষ্ট মাদ্রাসা ও রামপালের দাখিল কেন্দ্রের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেনি বলে অভিযোগ পাওয়া গেছে।